



BANGLADESH NURSES ASSOCIATION (BNA)

বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন (বিএনএ)

Member of International Council of Nurses (ICN) & Commonwealth Nurses Federation (CNF)
Estd: 1972, Reg: No-4122B

বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন (বিএনএ) নির্বাচন- ২০২৩ সংক্রান্ত বিশেষ বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন (বিএনএ) এর সকল সম্মানীত নেতৃবৃন্দ, সদস্যবৃন্দ এবং সর্বস্তরের রেজিস্টার্ড নার্স কর্মকর্তাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন (বিএনএ) বাংলাদেশে নার্সদের নিবন্ধিত জাতীয় পেশাজীবী সংগঠন যা ১৯৭২ সালে প্রতিষ্ঠিত হয় এবং সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, স্বাধীনতার মহান স্থপতি, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এর প্রত্যক্ষ সহযোগিতায় ১৯৭৩ সালে নিবন্ধন লাভ করে। বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন (বিএনএ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ইন্টারন্যাশনাল কাউন্সিল অব নার্সেস (আইসিএন), কমনওয়েলথ নার্সেস ফেডারেশনসহ দেশী ও আন্তর্জাতিক সংস্থায় বাংলাদেশের নার্সদের প্রতিনিধিত্ব করছে।

বিএনএ প্রতিষ্ঠার পর থেকে নির্বাচনের মাধ্যমে সকল কমিটি গঠন হয়ে আসতেছে। সর্বশেষ ২০০৪ সালে নির্বাচনের মাধ্যমে এর কার্যনির্বাহী পরিষদ গঠন করা হয় যার সভাপতি ইরা দিব্রা এবং মহাসচিব মোঃ জামাল উদ্দিন বাদশা, কিন্তু সভাপতি ইরা দিব্রা অসুস্থ থাকায় ভারপ্রাপ্ত সভাপতি হিসাবে সহ-সভাপতি মিসেস ইসমত আরা পারভীন সাময়িকভাবে দায়িত্ব পালন করেছেন। বিভিন্ন নামে একাধিক নার্সিং সংগঠন সৃষ্টিসহ বিভিন্ন প্রতিকূল পরিবেশ পরিস্থিতির কারণে একাধিকবার উদ্যোগ নেয়ার পরও উপরন্তু ডেঙ্গু এবং কোভিড-১৯ মহামারি জন্য নির্বাচন আয়োজন সম্ভব হয়নি। এর জন্য বর্তমান কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদ আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছে।

সংগঠনকে গতিশীল, শক্তিশালী, সর্বস্তরে গ্রহনযোগ্য করে তুলতে এবং সেইসাথে সম্মানীত নেতৃবৃন্দ, সদস্যবৃন্দ এবং সর্বস্তরের রেজিস্টার্ড নার্স কর্মকর্তাদের দাবি ও মহামান্য হাইকোর্ট এর নির্দেশনায় বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন (বিএনএ)-এর কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদ দ্রুততম সময়ের মধ্যে একযোগে কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদ এবং শর্তানুযায়ী শাখাসমূহের নির্বাচন আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন (বিএনএ) এর কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদ এবং শাখাসমূহে নির্বাচন আয়োজন ও সফলভাবে সম্পন্ন করার লক্ষ্যে একটি নির্দেশিকা প্রকাশ করা হলো। নির্দেশিকাসমূহ প্রতিপালনপূর্বক সার্বিক সহযোগীতা করার জন্য 'বিএনএ' এর সকল স্তরের সম্মানীত নেতৃবৃন্দ, সদস্যবৃন্দ এবং সর্বস্তরের রেজিস্টার্ড নার্স কর্মকর্তাদের বিশেষভাবে অনুরোধ করা হলো।

নির্দেশিকাসমূহ

১. বিএনএ এর বিদ্যমান গঠনতন্ত্র অনুযায়ী বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল (সাবেক বিএনসি) হতে নিবন্ধিত নার্সগণ সদস্যপদ প্রাপ্তির আবেদন করতে পারবেন।
২. নতুন সদস্য হিসাবে নিবন্ধন করার জন্য অনলাইনে বিএনএ-র ওয়েবসাইট www.bna.org.bd -এর মাধ্যমে আবেদন করতে হবে। সাধারণ সদস্যের নির্ধারিত আবেদন ফি ১০০/- বার্ষিক ফি- ২০০/- মোট ৩০০/- (তিন শত) টাকা যাহা পূর্ব নির্ধারিত অফেরতযোগ্য পরিশোধ করতে হবে যা বিএনএ এর মোবাইল নাম্বারে (+88-01328897778) বিকাশ/নগদ এর মাধ্যমে প্রেরণ করতে হবে।
৩. আবেদন যাচাই-বাছাই করে ১৫ দিনের মধ্যে সদস্যপদ প্রদানপূর্বক ওয়েবসাইটে প্রদর্শিত করা হবে।
৪. সদস্যপদ প্রাপ্তির পরবর্তী ৩০ দিনের মধ্যে মেম্বারশিপ কার্ড (প্রাস্টিক) কেন্দ্র থেকে সরবরাহ করা হবে।
৫. ইতোমধ্যে যারা আজীবন ও সাধারণ সদস্য হয়েছেন তাদের তালিকা (www.bna.org.bd) ওয়েবসাইটে প্রদর্শিত করা হয়েছে। যদি কোনো সদস্যের নাম প্রদর্শিত না হয়ে থাকে সেইক্ষেত্রে প্রমানকসহ info@bna.org.bd এই ঠিকানায় ইমেইল এর মাধ্যমে অথবা +৮৮-০১৩২৮৮৯৭৭৭৮ মোবাইল নাম্বারে সরাসরি যোগাযোগ করতে হবে।

বিঃ দ্রঃ- নির্বাচনের পূর্বে কোনো আজীবন সদস্য (Life Member) এর আবেদন গ্রহণ করা হবেনা। পুনঃসদস্যপ্রাপ্তি যে কোন সদস্য এসোসিয়েশন দ্বারা নির্ধারিত টাকা একত্রে প্রদান করিলে আজীবন সদস্য পদ লাভ করিবে।

নির্বাচন সংক্রান্ত সকল বিষয়ে ঘোষিত নির্বাচন কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত হিসেবে গণ্য হবে। নির্বাচন কমিশনের সকল নির্দেশনা মেনে সার্বিক সহযোগীতা করতে হবে।

সদস্য নিবন্ধনের আবেদন ও সদস্যপদ প্রাপ্তি সংক্রান্ত সহায়তা পেতে সার্বক্ষণিক যোগাযোগ করতে পারেন-

জনাব জরিলা খাতুন- ০১৭২৬৪৮৯১৭৪	জনাব শাহীনুর আক্তার- ০১৭১৬২০৮৫২৩
জনাব শাহনাজ আক্তার লাকী- ০১৭১৫৭৭০৯১৮	এস এম আজাদ- ০১৯৩০০৮০৫১৫
মোঃ নাজমুল হোসেন মিলন শিকদার- ০১৭১৬২৪০৫৮৯	মোঃ আহসান হাবীব- ০১৭২৩৬৫২৩৭২

ইরা দিব্রা
সভাপতি

বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন (বিএনএ)

অনুরোধক্রমে-

মোঃ জামাল উদ্দিন (বাদশা)
মহাসচিব

বাংলাদেশ নার্সেস এসোসিয়েশন (বিএনএ)